# জানুন আপনার এনার্জি বিল কত হবে

স্মার্ট মিটার আপনাকে এবং আপনার তত্ত্বাবধানে থাকা মানুষটিকে কীভাবে সহায়তা করতে পারে



carers UK
making life better for carers

smart meters
Join the energy revolution

## স্মার্ট মিটার ও পরিচর্যাকারী

পরিচর্যাকারীদের স্মার্ট মিটার সম্পর্কে জ্ঞান বৃদ্ধি এবং তারা ও তাদের তত্ত্বাবধানে থাকা মানুষগুলো কীভাবে এর দ্বারা উপকৃত হতে পারেন সে সম্পর্কে জানাতে Smart Energy GB-তে আমরা Carers UK-এর সাথে কাজ করছি।

## স্মার্ট মিটার আপনার এবং আপনার তত্ত্বাবধানে থাকা মানুষটিকে নানান সুবিধা দিতে পারে

বর্তমানে আমাদের অনেকেই তাদের গ্যাস ও বিদ্যুৎ বিল নিয়ে চিন্তিত। আর আপনি যখন কারো পরিচর্যায় নিয়োজিত তখন হয়তো তাদের বিলের চিন্তাও আপনারই করতে হবে। এই ক্ষেত্রে স্মার্ট মিটার আপনাকে সাহায্য করতে পারে।

স্মার্ট মিটারের সাথে একটি ইন-হোম ডিসপ্লে থাকে। এই ডিসপ্লেটিকে অনেক সময় আইএইচডি (IHD) বলেও ডাকা হয়। এতে আপনি কতটা গ্যাস ও বিদ্যুৎ ব্যবহার করলেন এবং তার মূল্য দেখা যায়।

অর্থাৎ, আপনি সবসময় জানছেন আপনার গ্যাস ও বিদ্যুৎ বিল কত হবে। এর ফলে আপনার বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির বাজেটের হিসেব করতে আর অনুমানের উপর নির্ভর করতে হবে না।

এই একই তথ্য আপনাকে বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে উষ্ণ থাকার জন্য কখন হিটিং বাড়াতে হবে সেই সম্পর্কে সিদ্ধান্ত নিতে সহায়তা করবে। অথবা কোনকিছু ভুলে চালু থেকে গেলে তা খুঁজে বের করতে আপনাকে সহায়তা করতে পারে – অর্থাৎ, আপনি নিশ্চিত হতে পারছেন যে আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তি ভুলে গ্যাস বা বিদ্যুতের অপচয় করছেন না।



## স্মার্ট মিটার আপনাকে আরও অনেকভাবে সাহায্য করতে পারে

আপনি কতটুকু বিদ্যুৎ বা গ্যাস ব্যবহার করছেন স্মার্ট মিটার তার হিসাব রাখে, ঠিক আপনার বর্তমান মিটারের মতো। কিন্তু স্মার্ট মিটার সেই রিডিং সুরক্ষিত উপায়ে সরাসরি আপনার গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর কাছে পাঠিয়ে দেয়। অর্থাৎ, আপনাকে বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে মিটার রিডিং দেখতে আর মই বেয়ে উপরে উঠতে হবে না বা কাপবোর্ডের মধ্যে কষ্ট করে ঢুকতে হবে না। অর্থাৎ, আপনার ব্যস্ত কাজের তালিকা থেকে একটি কাজ কমলো।

> **“আমার মতো যারা তাদের কাছের মানুষের দেখাশোনা করছেন, তাদেরকে আমি স্মার্ট মিটার নেওয়ার পরামর্শ দেবো। এখন আমি সহজেই আমার বিলের হিসাব রাখতে পারি। আর তাতে আমার মায়ের দুশ্চিন্তাও কিছুটা কমেছে।”**
>
> সারা, তার মা জিনের পরিচর্যাকারী



## স্মার্ট মিটার কীভাবে কাজ করে



১. আপনি যখন স্মার্ট মিটার ব্যবহার করছেন তখন তা আপনার গ্যাস ও বিদ্যুৎ খরচের রেকর্ড রাখে।



২. আইএইচডি (IHD)-তে আপনার ব্যবহৃত গ্যাস ও বিদ্যুতের পরিমাণ এবং তার মূল্য দেখা যায়।



৩. স্মার্ট মিটার স্বয়ংক্রিয়ভাবে আপনার মিটার রিডিং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর নিকট পাঠিয়ে দেয়।



৪. আপনার ব্যবহৃত গ্যাস ও বিদ্যুতের পরিমাণের উপর নির্ভর করে আপনাকে একটি বিল পাঠানো হয়।

স্মার্ট মিটার ইন্টারনেটের সাথে সংযুক্ত নয়। এমনকি, ইন-হোম ডিসপ্লেটিরও ইন্টারনেটের সাথে সংযোগ নেই। তাই স্মার্ট মিটার নিতে ইন্টারনেট সংযোগের প্রয়োজন নেই।

কতটুকু গ্যাস বা বিদ্যুৎ ব্যবহার হচ্ছে তা আপনি, আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তি এবং তাদের গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী ছাড়া আর কেউ দেখতে পাবে না।

গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী কেবল কতটুকু গ্যাস বা বিদ্যুৎ ব্যবহার হচ্ছে এবং কখন ব্যবহার হচ্ছে সেই তথ্য দেখতে পাবেন। কোন জিনিসটি প্লাগ-ইন করা আছে বা কখন ওয়াশিং মেশিন চালু আছে সেই তথ্য সরবরাহকারী দেখতে পাবেন না!

## প্রি–পে স্মার্ট মিটার

আপনি যার দেখভাল করছেন তার প্রি-পে মিটার থাকলে তিনিও স্মার্ট মিটার নিতে পারবেন। প্রি-পে স্মার্ট মিটার ব্যবহার করলে অনলাইনে, নিজের মোবাইল দিয়ে বা দোকানে গিয়ে টপ-আপ করা যায়। প্রি-পে স্মার্ট মিটারের সাথে একটি ইন-হোম ডিসপ্লে থাকে, যেখানে টপ-আপ করার সময় হলে তা ডিসপ্লেতে প্রদর্শিত হয়।



## আপনি কতটা গ্যাস ও বিদ্যুৎ ব্যবহার করেছেন তা দেখা

ইন-হোম ডিসপ্লেটিতে আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির ব্যবহৃত গ্যাস ও বিদ্যুতের পরিমাণ এবং তার খরচ দেখা যাবে। তারা আজকে, এই সপ্তাহে বা এই মাসে কত খরচ করেছেন তা দেখতে পাবেন।

আপনি যাকে সহায়তা করছেন তার যদি শুধু গ্যাসের জন্য স্মার্ট মিটার থাকে তবে ইন-হোম ডিসপ্লেতে কেবল ব্যবহৃত গ্যাসের পরিমাণ দেখাবে। আর তাদের যদি শুধু বিদ্যুতের জন্য স্মার্ট মিটার থাকে তবে ইন-হোম ডিসপ্লেতে কেবল ব্যবহৃত বিদ্যুতের পরিমাণ দেখা যাবে।

স্মার্ট মিটার বাসাবাড়িতে গ্যাস ও বিদ্যুৎ সাশ্রয়ে সহায়তা করতে পারে, কিন্তু তা স্বয়ংক্রিয় নয়। অনেক পরিচর্যাকারীর কাছে ইন-হোম ডিসপ্লেটি বেশ ভাল লেগেছে। এটি আপনাকে এবং আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে তার গ্যাস ও বিদ্যুৎ ব্যবহার সম্পর্কে অনেক বেশি তথ্য দেয়। যা গ্যাস ও বিদ্যুতের ব্যবহার কমানো এবং অর্থ সাশ্রয়ের উপায় খুঁজে বের করতে আপনাদের উভয়কেই সহায়তা করবে।

উদাহরণস্বরূপ, সারা, যিনি তার মা জিনের দেখাশোনা করেন, তিনি বলেন:

> **“এটি রিয়েল টাইমে আপনার ব্যবহৃত গ্যাস ও বিদ্যুতের পরিমাণ দেখতে সাহায্য করে। ভুলবশত কিছু অন করে রাখলে, আপনি হয়ত অনেক সময় তা খেয়াল করেন না, কিন্তু ইন-হোম ডিসপ্লেতে তা ঠিকই আপনার নজরে পড়বে। এটা আমার মাকে আরও স্বাবলম্বী করে তুলেছে।”**




সাধারণ ইন-হোম ডিসপ্লে দেখতে কেমন হয় তা এই ছবিতে দেখা যাচ্ছে।

## অ্যাক্সেসিবল ইন-হোম ডিসপ্লে (AIHD)

কিছু কিছু গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী ইন-হোম ডিসপ্লের অ্যাক্সেসিবল সংস্করণও সরবরাহ করে থাকেন, যা AIHD নামেও পরিচিত। এর এমন কিছু সুবিধা রয়েছে যা আপনাকে বা আপনার তত্ত্বাবধানে থাকা মানুষটিকে অনেক সয়াহতা করতে পারে। যেমন, এগুলোতে বড় বড় বাটন থাকে এবং শব্দ করে বিভিন্ন তথ্য পড়ে শোনাতে পারে।

AIHD সহায়ক হতে পারে যদি আপনি বা আপনার উপর নির্ভরশীল ব্যক্তি:

- অন্ধ বা আংশিক দৃষ্টিশক্তিসম্পন্ন হন
- আপনার হাত বা কব্জি ব্যবহারে সমস্যা হয়, কিংবা
- স্মৃতিশক্তি লোপ পেয়ে থাকে

অ্যাক্সেসিবল ইন-হোম ডিসপ্লে নেওয়ার ব্যাপারে আরও তথ্য জানতে আপনার সরবরাহকারীর সাথে কথা বলুন।




সাধারণ ইন-হোম ডিসপ্লে দেখতে কেমন হয় তা এই ছবিতে দেখা যাচ্ছে।

# স্মার্ট মিটার স্থাপন

গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানগুলো স্মার্ট মিটার স্থাপন করে থাকে। আপনার সম্পূর্ণ নিরাপত্তার কথা মাথায় রেখে তারা পুরনো মিটার প্রতিস্থাপনের কাজটি করে থাকেন। এতে গ্রাহকের অতিরিক্ত কোন খরচ নেই।

**এটি পেতে যা যা করতে হবে:**

১. স্মার্ট মিটার স্থাপনের সময় ঠিক করার জন্য আপনার গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

   অধিকাংশ ক্ষেত্রে, স্মার্টমিটারের জন্য আপনি আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির পক্ষে অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন, কিন্তু সেক্ষেত্রে সরবরাহকারী আপনাকে নিরাপত্তা সংক্রান্ত বেশ কিছু প্রশ্ন করতে পারেন।

   আপনি এমন একটি সময় ঠিক করবেন যখন আপনারা দুইজনই সেখানে উপস্থিত থাকতে পারবেন। সরবরাহকারী দেখবেন গ্রাহকের – অর্থাৎ, আপনি যার পরিচর্যার দায়িত্বে আছেন তার – কোন বিশেষ চাহিদা, যেমন সেখানে তার পরিচর্যাকারীর উপস্থিতির প্রয়োজন, রয়েছে কি না।

২. মিটার স্থাপনকারী পূর্বনির্ধারিত সময়ে হাজির হবেন এবং আপনাকে বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে তার পরিচয়পত্র দেখাবেন। আর তিনি পরিচয়পত্র প্রদর্শন না করলে, আপনি তা দেখতে চাইতে পারেন।

৩. তারা বর্তমান মিটারটির সংযোগ বিচ্ছিন্ন করে তার বদলে একটি স্মার্ট মিটার স্থাপন করবেন।

৪. স্মার্ট মিটারটি চালু হয়ে গেলে, লোকটি আপনাকে ও আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে ইন-হোম ডিসপ্লে ব্যবহার পদ্ধতি দেখিয়ে দেবেন।

কিছু কিছু বাড়িতে এখনও স্মার্ট মিটার পাননি, কিন্তু রোল-আউট শেষ হওয়ার আগেই তা পেয়ে যাবেন বলে আশা করা যায়। আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তি স্মার্ট মিটার পাবেন কি না সে সম্পর্কে গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী আপনাকে বলতে পারবেন। কত তাড়াতাড়ি আপনার মিটার স্থাপন করা হতে পারে সে সম্পর্কেও তারা বলতে পারবেন।

**জরুরি বিষয়**

- স্মার্ট মিটার স্থাপনের সময় সেখানে কাউকে উপস্থিত থাকতে হবে। আপনি বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তি কিংবা দুজনেই সেখানে উপস্থিত থাকতে পারেন।

- পরিচর্যাকারী হিসেবে, আপনি যদি সরবরাহকারীকে জানিয়ে থাকেন যে, স্মার্ট মিটার স্থাপনের সময় আপনি সেখানে উপস্থিত থাকবেন, তাহলে কোন কারণে আপনি সেখানে উপস্থিত থাকতে না পারলে সরবরাহকারী স্মার্ট মিটার স্থাপন করবেন না।

- গ্যাস ও বিদ্যুতের মিটার একই সময়ে স্থাপন করলে তাতে প্রায় দুই ঘণ্টা সময় লাগবে। আর মিটার একটি হলে সেক্ষেত্রে সময় কম লাগবে।

- স্মার্ট মিটার স্থাপনের সময় গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ সাময়িকভাবে বন্ধ থাকবে। আপনার তত্ত্বাবধানে থাকা মানুষটির যদি স্বাস্থ্যগত কোনও সমস্যার কারণে গ্যাস বা বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন হয় তবে তা অ্যাপয়েন্টমেন্ট বুকিংয়ের সময় সরবরাহকারীকে জানাতে হবে



## আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে সেবা প্রদানে আপনাকে সহায়তা করা

স্মার্ট মিটার দিয়ে আপনি – এবং আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তি – গ্যাস ও বিদ্যুৎ খরচের উপর নজর রাখতে পারবেন যা সংসারের খরচ কমাতে সহায়তা করবে। কিন্তু আমরা জানি অনেক পরিচর্যাকারী গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীদের সাথে বোঝাপড়ার ক্ষেত্রে আরও সহায়তা পেলে উপকৃত হতেন।

## তালিকাভুক্ত থার্ড পার্টি বা তৃতীয় পক্ষ হন

আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির জন্য যদি আপনার সিদ্ধান্ত গ্রহণের এবং তাদের বিল পরিশোধের প্রয়োজন হয়, তাহলে তাদের দিকে থেকে আপনি তালিকাভুক্ত থার্ড পার্টি হলে আপনার সুবিধা হবে। আপনার কী করতে হবে তা জানতে তাদের গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

## নিরাপদে স্মার্ট মিটার স্থাপন

দুর্বল গ্রাহকদের সুরক্ষার জন্য, অনেক গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারী একটি পাসওয়ার্ড স্কিম ব্যবহার করেন। আপনি মিটার স্থাপনের জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার সময়, সরবরাহকারীর সাথে কথা বলে একটি পাসওয়ার্ড ঠিক করতে পারেন। মিটার স্থাপনকারী ব্যক্তিকে আপনার সামনে - বা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির সামনে আগে সেই পাসওয়ার্ডটি বলতে হবে - তারপর তিনি বাড়িতে প্রবেশ করতে পারবেন।



## প্রায়োরিটি সার্ভিসেস রেজিস্টার (পিএসআর)–এ সাইন–আপ করুন

আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে প্রায়োরিটি সার্ভিসেস রেজিস্টারে নিবন্ধন করানো একটি ভালো আইডিয়া হতে পারে।

পিএসআর একটি সম্পূর্ণ ফ্রি এবং স্বেচ্ছাসেবামূলক ব্যবস্থা, যার অর্থ হচ্ছে, গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর কাছ থেকে সবচেয়ে দুর্বল ব্যক্তিটিও সঠিক সেবা পাবেন। কখনও পরিকল্পিতভাবে পরিষেবা বন্ধ থাকলে তার অগ্রিম নোটিশ পাওয়া বা পাওয়ার কাটের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তি, এইসব সুবিধার অন্তর্ভুক্ত থাকতে পারে।

পিএসআর-এ একবার কারো নাম তালিকাভুক্ত হলে, তারা বড়-ফরম্যাট বা ব্রেইল বিলের জন্য অনুরোধ করতে পারবেন, অথবা অ্যাকাউন্টের স্টেটমেন্ট বা বিলগুলি তাদের কাছে না পাঠিয়ে আপনার কাছে পাঠানোর বা তাদের সাথে সাথে আপনাকেও পাঠানোর জন্য অনুরোধ করতে পারেন।

আপনি যদি মনে করেন পিএসআর-এ থাকলে আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির সুবিধা হবে, তাহলে আরও জানতে তাদের গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

## আরও তথ্য

Carers UK ওয়েবসাইটে বিভিন্ন পরিষেবার ব্যবহার বা পাওয়ার অফ অ্যাটর্নি ব্যবস্থা করার বিষয়ে পরিচর্যাকারীদের পরামর্শ ছাড়াও আরও অনেক তথ্য রয়েছে:
carersuk.org/tips–from–carers

## এরপর যা করতে হবে

আজই ‘**get a smart meter**’ লিখে সার্চ দিন। অথবা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির গ্যাস ও বিদ্যুৎ সরবরাহকারীর সাথে যোগাযোগ করে দেখুন তারা একটি মিটারের ব্যবস্থা করতে পারেন কি না।

তাদের বিলের কপিতে আপনি তাদের সাথে যোগাযোগের ঠিকানা পাবেন। অথবা কিছু সরবরাহকারীর ফ্রি-ফোন নম্বর এবং টেক্সটফোন নম্বর পেতে ভিজিট করুন:
smartenergyGB.org/supplier–free–phone–numbers

Carers UK ইংল্যান্ড ও ওয়েলস (246329) এবং স্কটল্যান্ড (SC039307) এ নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান এবং ইংল্যান্ড ও ওয়েলসে (864097) নিবন্ধিত গ্যারান্টি দ্বারা পরিচালিত একটি সীমিত দায় কোম্পানি।

# আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তিকে সেবা প্রদানে স্মার্ট মিটার দিয়ে আপনাকে সহায়তা করা

carersUK
making life better for carers

smart meters
Join the energy revolution

তথ্যাদির সঠিকতা এপ্রিল ২০২২ পর্যন্ত